

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 10 April, 2025

প্লট খালি ফেলে না রেখে দ্রুত ভবন নির্মাণকাজ শুরু করার আহ্বান জানিয়েছেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) চেয়ারম্যান প্রকৌশলী মো. রিয়াজুল ইসলাম।

বৃহস্পতিবার কেরানীগঞ্জের ঝিলমিল আবাসিক প্রকল্পে প্লট গ্রহীতাদের সঙ্গে মতবিনিময় এবং মসজিদ ও স্কুলের ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। রাজউক চেয়ারম্যান বলেন, ঝিলমিলের প্লট গ্রহীতাদের ভবন নির্মাণ এবং সেখানে বসবাসের জন্য যে কোনো ধরনের সহযোগিতা করা হবে।
পাশাপাশি বসবাস করতে যেসব সেবা দরকার, সব ধরনের সেবা নিশ্চিত করা হবে। ইতোমধ্যে সেসব উদ্যোগ ও কার্যক্রম চলমান রয়েছে।

তিনি জানান, ঝিলমিল প্রকল্পের মতো পরিকল্পিত এবং সুযোগ-সুবিধা সংবলিত এত বৃহৎ পরিসরের আবাসিক এলাকা বাংলাদেশের প্রেক্ষাপটে খুব কম আছে। প্লট বরাদ্দপ্রাপ্তরা ভবন নির্মাণের কাজ শুরু না করলে ঢাকা ওয়াসা এবং অন্যান্য সংস্থা, যারা সর্বদা এ প্রকল্পে নাগরিক সুবিধা দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে, তারা তাদের কার্যক্রম পূর্ণস্ফূর্ত শুরু করতে পারছে না।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ঝিলমিল সোসাইটির সভাপতি বিচারপতি (অব.) কেএম জহিরুল হক এবং সেক্রেটারি সাজ্জাদ আলম খান তপু, রাজউকে সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) মো. হারুন-অর-রশীদ, রাজউকের প্রধান প্রকৌশলী মো. নুরুল ইসলাম, ঝিলমিল আবাসিক এলাকা প্রকল্পের প্রকল্প পরিচালক মো. আমিনুর রহমান, সংশ্লিষ্ট জোনের পরিচালক রাজিয়া সুলতানা প্রমুখ।

চেয়ারম্যান রাজউক ঢাকা ওয়াসা